



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
বিআরটিএ ভবন  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।



মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক ফিটনেস খেলাপি অর্থাৎ ফিটনেস সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ মোটরযানের ফিটনেস সার্টিফিকেট হালনাগাদকরণ সংক্রান্ত বিআরটিএ'র বিজ্ঞপ্তি

মোটরযানের সম্মানিত মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিআরটিএ'র কম্পিউটার সিস্টেম (বিআরটিএ-আইএস) হতে প্রাপ্ত তথ্য মতে সারা দেশে ফিটনেস সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ বিভিন্ন ধরনের মোটরযানের সংখ্যা ৪,৭৯,৪৯৮; যা ইতিপূর্বে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে জানানো হয়েছে। মহামান্য হাইকোর্ট বিভাগের **Suo Moto Rule No. 04 of 2019** এর প্রেক্ষিতে মহামান্য আদালত কর্তৃক মেয়াদ উত্তীর্ণ মোটরযানের ফিটনেস হালনাগাদ করণের জন্য ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত সময় প্রদান করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে ফিটনেস খেলাপি মোটরযানের ফিটনেস সার্টিফিকেট হালনাগাদকরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)